দৈনিক ইনকিলাব

তারিখ 14 MAY 2009
পৃষ্ঠা ১৬ কলাম ১

# উপজেলা পর্যায়ে শিক্ষক পুল গঠন হচ্ছে

## ৩৬ কোটি টাকার বাজেট

তালুকদার হারুন : উপজেলা পর্যায়ে শিক্ষক পুল গঠন করবে সরকার। শিক্ষক পুল গঠিত হলে পুলের অন্তর্ভুক্ত শিক্ষকগণ সরকারী, রেজিস্টার্ড বেসরকারী ও কমিউনিটি বিদ্যালয়ের সাময়িকভাবে কোন শিক্ষক ছুটিতে বা প্রশিক্ষণে থাকলে শ্রেণীকক্ষে পাঠদান করবেন। এ লক্ষ্যে সরকার

পৃঃ ১৫ কঃ ৪

## উপজেলা পর্যায়ে

১৬-এর পৃষ্ঠার পর

পৌর এলাকা, মেট্রোপলিটন এলাকাসহ ৪৮১টি উপজেলার জন্য গড়ে ৪০ জন করে প্রায় ২০ হাজার শিক্ষকের সমন্বয়ে একটি শিক্ষক পুল গঠন করবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ নিয়ে কাজ করে যাচ্ছে। আর এজন্য ৩৬ কোটি টাকার বাজেটও প্রাক্কলন করা হয়েছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, প্রতি বছর সরকারী, রেজিস্টার্ড বেসরকারী কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে গড়ে ১৮,৯৫০ জন শিক্ষক সিইনএইড প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। বছরে গড়ে ৫,৫৫৪ জন শিক্ষিকা মাতৃত্ব ছুটি ভোগ করেন। এছাড়া বিভিন্ন কারণে শিক্ষকগণ সাময়িক ছুটি ভোগ করেন। সাময়িক ছুটিগ্রহণের কারণগুলোর মধ্যে রয়েছে-চিকিৎসা, বহির্বাংলাদেশ গমন (হজ্জ, তীর্থযাত্রা ও অন্যান্য)। এসব কারণে ৫,৫৭২ জন শিক্ষক বছরে গড়ে ৪৫ দিন ছুটি ভোগ করে থাকেন। এর ফলে বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের সাময়িক শূন্যতা প্রাথমিক শিক্ষা খাতের গতিশীলতাকে বাধাগ্রস্ত করে।

জানা গেছে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত কর্মক্ষম শিক্ষক, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু চাকরি লাভে ব্যর্থ এবং সরকারী প্রাথমিক বিদ্যালয় নিয়োগ বিধিমালা ১৯৯১ অনুসারে সহকারী শিক্ষক পদে নিয়োগের প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের শিক্ষক পুলে অন্তর্ভুক্ত করা হবে। এ শিক্ষকদের কাজ নেই, সম্মানী নেই ভিত্তিতে মাসিক ১৫০০ টাকা হারে সম্মানী প্রদান করা হবে। উপজেলা/মহানগর শিক্ষা কমিটি শিক্ষক পুল পরিচালনার বিষয়টি তত্ত্বাবধান করবে বলে জানা গেছে।